



# আন্তর্জাতিক অঙ্গনে বাংলাদেশের সিনেমার জয়

*ঘটনাবহুল ২০২৪ সাল দেখতে দেখতেই ফুরালো। হিসাবের খাতা খুলে বসেছে সবাই, কী করা হলো আর কী হলো না। আমরা আলো ফেলছি বাংলা চলচ্চিত্রে। এ বছর দেশের গণ্ডি পেরিয়ে বেশ কিছু চলচ্চিত্র সুনাম কুড়িয়েছে আন্তর্জাতিক অঙ্গনেও।* ***মাধবী লতার প্রতিবেদন***

## ২২তম ঢাকা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব

বছরের শুরুতেই বাংলাদেশে অনুষ্ঠিত হয় ‘দ্বাবিংশ ঢাকা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব’। বাংলাদেশসহ ৭৪ দেশের ২৫০টির বেশি চলচ্চিত্র দেখানো হয় এ উৎসবে। ২০২৪ সালের ২০ জানুয়ারি শুরু হয়ে ৯ দিনব্যাপী এই উৎসবের পর্দা নামে ২৮ জানুয়ারি। সমাপনী আয়োজনে বিশেষ অতিথি ছিলেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন ইরানি নির্মাতা মাজিদ মাজিদি। এশিয়ান ফিল্ম কমপিটিশনের জুরি বোর্ডের প্রধান হিসেবে ঢাকায় উপস্থিত হয়েছিলেন ভারতের প্রখ্যাত অভিনেত্রী শর্মিলা ঠাকুর। ২২তম ঢাকা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের স্পিরিচুয়াল চলচ্চিত্র বিভাগে স্পেশাল মেনশন অ্যাওয়ার্ড পায় গোলাম রাব্বানীর ছবি ‘ছুরত’। অডিয়েন্স অ্যাওয়ার্ড পায় শ্যাম বেনেগাল নির্মিত ‘মুজিব: একটি জাতির রূপকার’। ‘মুক্তি’ চলচ্চিত্রের জন্য পুরস্কার পায় চৈতালি সমাদ্দার, বাংলাদেশ প্যানোরমায় পুরস্কার পায় ‘পূর্ণদৈর্ঘ্য’, পান্থ প্রাসাদ পেয়েছে ফিপরেসি অ্যাওয়ার্ড ‘সাবিত্রী’র জন্য। আরও পেয়েছেন স্বল্পদৈর্ঘ্য ফিপরেসি অ্যাওয়ার্ড: লায়লা (বৈশাখী সমাদ্দার), প্রথম রানার আপ: ইনাফি (সুভাশিষ সিনহা) ও দ্বিতীয় রানার আপ: অন্তহীন পথে (জিয়াউল হক রাজু)। ২০২৫ সালের ১১ জানুয়ারি শুরু হবে ঢাকা চলচ্চিত্র উৎসবের ২৩তম আসর। ৯ দিনব্যাপী উৎসবে প্রদর্শিত হবে ৭৫টি দেশের ২৫০টি সিনেমা।

## নেপালে পুরস্কৃত তিন স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র

নেপালের রাজধানী কাঠমান্ডুতে ২০২৪ সালের মার্চ মাসে অনুষ্ঠিত হয়েছে ‘নেপাল আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব’। মর্যাদাপূর্ণ এই উৎসবে বাংলাদেশ থেকে নির্বাচিত হয় তিন নির্মাতার ৩টি স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র। সিনেমাগুলো হলো-আরাফাত মহসীনের ‘এভরিথিং ইজ নাথিং’ সুপিন বর্মণের ‘অ্যা লেটার অব পোস্ট মাস্টার’, শায়লা রহমান তিথির ‘জয় বাংলা’। ‘শর্টস ইন্টারন্যাশনাল’ বিভাগে প্রদর্শিত হয় বাংলাদেশের সিনেমাগুলো।

## নিউ ইয়র্কে পুরস্কৃত দুই সিনেমা

২০২৪ সালে যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে ২০-২১ এপ্রিল প্রথমবারের মতো অনুষ্ঠিত হয় ‘সুচিত্রা সেন আন্তর্জাতিক বাংলা চলচ্চিত্র উৎসব’। দুই বাংলার চলচ্চিত্র উৎসবে বাংলাদেশ ও ভারতের বাংলা ছবি প্রদর্শিত হয়। এ চলচ্চিত্র উৎসবের শিশুতোষ চলচ্চিত্র ক্যাটাগরিতে পুরস্কার জিতে বাংলাদেশের সিনেমা ‘মাইক’। ছবিটি পরিচালনা করেছেন এফ এম শাহীন ও হাসান জাফরুল। উৎসবে শ্রেষ্ঠ চলচ্চিত্র পুরস্কার পায় মেজবাউর রহমান সুমন পরিচালিত ‘হাওয়া’। এখানে আরও পুরস্কার পায় গোলাম রাব্বানীর ছবি ‘ছুরত’।

## মস্কো আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে ‘নির্বাণ’

রাশিয়ার মস্কো আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব অনুষ্ঠিত হয়েছে ২০২৪ সালের এপ্রিল মাসেই। এখানে ‘স্পেশাল জুরি অ্যাওয়ার্ড’ পেয়েছে ‘নির্বাণ’। মহামারি করোনার গল্প নিয়ে সিনেমাটি পরিচালনা করেছেন আসিফ ইসলাম। সিনেমায় প্রধান চরিত্রে অভিনয় করেছেন প্রিয়াম অর্চি।

## ইরানের চলচ্চিত্র উৎসবে পুরস্কৃত ‘ফাতিমা’

চলতি বছরে আন্তর্জাতিক বিভিন্ন উৎসবে সাড়া ফেলেছে দেশের বেশ কিছু সিনেমা। এর মধ্যে আছে তাসনিয়া ফারিণ অভিনীত ‘ফাতিমা’ সিনেমাটি। ২০২৪ সালের জুন মাসে ইরানের ৪২তম ফজর আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে অংশ নিয়ে ক্রিস্টাল সিমোর্গ অ্যাওয়ার্ড জিতেছেন ফারিণ। ধ্রুব হাসান পরিচালিত এই সিনেমাটি পরে স্থান পেয়েছে রেইনবো চলচ্চিত্র উৎসবেও। ২ জুন শুরু হয় এই উৎসব। ছবিটি নিয়ে যুক্তরাজ্যের লন্ডনে উপস্থিত ছিলেন ফারিণ।

## সাংহাই উৎসবে দুই সিনেমা

২০২৪ সালের ২ জুন এশিয়ার গুরুত্বপূর্ণ চলচ্চিত্র উৎসব সাংহাই আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের ২৬তম আসরে জায়গা করে নিয়েছিল বাংলাদেশের দুই সিনেমা। মূল প্রতিযোগিতা বিভাগ ‘গোল্ডেন গবলেট’-এ নির্বাচিত হয় কামার আহমাদ সাইমনের ‘শিকলবাহা’ ও আন্তর্জাতিক প্যানারোমা শাখায় স্থান পায় ইকবাল হোসাইন চৌধুরীর ‘বলী’। জার্মানির উইডেম্যান ব্রোস এবং বাংলাদেশের স্টুডিও বিগিংয়ের যৌথ প্রযোজনায় নির্মিত হয়েছে ‘শিকলবাহা’। ২০১৪ সালে কানের ‘লা ফ্যাব্রিক সিনেমা দ্যু মুন্দে’ বিভাগে নির্বাচিত ১০টির মধ্যে ছিল এই চলচ্চিত্রের চিত্রনাট্য। তখন এর নাম ছিল ‘শঙ্খধ্বনি’। এই চলচ্চিত্রের জন্যই পরপর দুই বছর বার্লিন চলচ্চিত্র উৎসবের প্রতিযোগিতামূলক প্রেস্টিজ গ্রান্ট ওয়ার্ল্ড সিনেমা ফান্ডের জন্য নির্বাচিত হয়েছিলেন কামার। এ ছাড়া গোটেবার্গ চলচ্চিত্র উৎসবের স্ক্রিপ্ট গ্রান্ট এবং জাতীয় চলচ্চিত্র অনুদান পেয়েছিল ‘শিকলবাহা’। অন্যদিকে চট্টগ্রামের ঐতিহ্যবাহী জব্বারের বলী খেলার প্রেক্ষাপটে নির্মিত ‘বলী’র গল্প মধ্যবয়সি মজুকে কেন্দ্র করে। মজু চরিত্রে অভিনয় করেছেন নাসির উদ্দিন খান।

## আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে 'প্রিয় মালতী'

৪৫তম কায়রো আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব অনুষ্ঠিত হয়েছে ২০২৪ সালের নভেম্বর মাসে। ১৪ নভেম্বর মিসরের কায়রো আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে শঙ্খ দাশগুপ্ত পরিচালিত ও মেহজাবীন চৌধুরী অভিনীত 'প্রিয় মালতী' ছবির উদ্বোধনী প্রদর্শনী হয়। আরব বিশ্ব ও আফ্রিকা মহাদেশের ঐতিহ্যবাহী এই উৎসবে এ বছর প্রদর্শিত হয়েছে চারটি বাংলা চলচ্চিত্র। এর মধ্যে কায়রো ক্ল্যাসিকস বিভাগে রয়েছে সত্যজিৎ রায়ের তিনটি ও ইন্টারন্যাশনাল কম্পিটিশন বিভাগে জায়গা করে নিয়েছে শঙ্খ দাশগুপ্ত পরিচালিত 'প্রিয় মালতী'। মেহজাবীনের প্রথম সিনেমা ছিল 'সাবা' আর দ্বিতীয় সিনেমা 'প্রিয় মালতী' ইংরেজিতে যার নাম 'হুইসপারস অফ এ থাস্টি রিভার'।

## তিন আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে 'বাড়ির নাম শাহানা'

এক নারীর গল্প নিয়ে নির্মিত চলচ্চিত্র 'বাড়ির নাম শাহানা'। সত্য কাহিনী অবলম্বনে নির্মিত চলচ্চিত্রটি নব্বইয়ের দশকের বাংলাদেশের এক রক্ষণশীল আবহের বিপরীতে দৃঢ়চেতা এক নারীর বেঁচে থাকার গল্পে সিনেমাটি নির্মিত। নারীকেন্দ্রিক গল্পটি বাংলাদেশের প্রেক্ষাপটে নির্মিত হলেও প্রশংসিত ও পুরস্কৃত হয়েছে আন্তর্জাতিক পরিমণ্ডলে। এরই মধ্যে শিকাগো সাউথ এশিয়ান ফিল্ম ফেস্টিভাল, টরেন্টোর ইন্টারন্যাশনাল ফিল্ম ফেস্টিভাল, সাউথ এশিয়া ও সিয়াটলের তাসভির ফিল্ম ফেস্টিভ্যাল ও মার্কেটে প্রদর্শিত হয়েছে চলচ্চিত্রটি।

এর মধ্যে চলচ্চিত্রটি প্রদর্শিত হয় সাউথ এশিয়ায় ইন্টারন্যাশনাল ফিল্ম ফেস্টিভাল ১৩ অক্টোবর, তাসভির ফিল্ম ফেস্টিভাল ও মার্কেট এ ১৮ অক্টোবর ও শিকাগো সাউথ এশিয়ান ফিল্ম ফেস্টিভালে ২২ সেপ্টেম্বর। এর আগে জিও মামি মুম্বাই চলচ্চিত্র উৎসবে 'জেন্ডার সেনসিটিভিটি অ্যাওয়ার্ড' পায় লীসা গাজী পরিচালিত প্রথম পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্রটি। কমলা কালেকটিভ ও গুপী বাঘা প্রোডাকশন লিমিটেড প্রযোজিত সিনেমাটিতে দীপা চরিত্রে অভিনয় করেছেন আনান সিদ্দীকা।




## প্যারিস ও টরেন্টোর দুই উৎসবে 'বিলাই'

২০২৪ সালের অক্টোবর মাসে দুটি চলচ্চিত্র উৎসবে প্রদর্শিত হয় আবিদ মল্লিকের স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র 'বিলাই'। এর মধ্যে নর্থ আমেরিকার টরেন্টোতে আগামী ১০-২০ অক্টোবর অনুষ্ঠিত হয় ইন্টারন্যাশনাল ফিল্ম ফেস্টিভাল সাউথ এশিয়া। এখানে প্রদর্শিত হয় চলচ্চিত্রটি। অন্য উৎসবটি ফ্রান্সের প্যারিসে ২-৮ অক্টোবর অনুষ্ঠিত হয় 'গ্যাং সুর সিনে' ফিল্ম ফেস্টিভাল। এখানেও প্রদর্শিত হয় চলচ্চিত্রটি। 'বিলাই'-এর আগেও প্রায় সাতটি চলচ্চিত্র নির্মাণ করেছেন নির্মাতা আবিদ মল্লিক। বাংলাদেশি ওয়েব প্লাটফর্ম চরকি'তে সিরিজ আকারে পাঁচটি চলচ্চিত্র ধারাবাহিকভাবে মুক্তি পাচ্ছে। তারই একটি 'বিলাই'। চলচ্চিত্র 'বিলাই'-এ প্রধান চরিত্রে অভিনয় করেছেন আবদুল্লাহ আল সেন্টু। ২৩ মিনিটের এই চলচ্চিত্রের একটি বিশেষ চরিত্রে আছেন ফারিন খান।

## চীনের আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে 'মেঘকন্যা'

চীনের সিল্ক রোড আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের ১১তম আসর অনুষ্ঠিত হয় ২১ থেকে ২৫ সেপ্টেম্বর। ফুয়াদ চৌধুরী পরিচালিত 'মেঘনা কন্যা' সিনেমাটি এই উৎসবের জন্য দক্ষিণ এশিয়া থেকে নির্বাচিত একমাত্র চলচ্চিত্র ছিল 'মেঘকন্যা'। মানবপাচারের বিরুদ্ধে সচেতনতামূলক চলচ্চিত্র 'মেঘনা কন্যা' এর আগে কানাডার টরেন্টো ইন্টারন্যাশনাল ফিল্ম ফেয়ারে (টিআইআইএফ) সিনেমাটি প্রদর্শিত হয়। প্রেক্ষাগৃহে মুক্তি পাওয়ার পর সারাদেশের শিল্পকলা একাডেমিগুলোয় ও সীমান্তবর্তী জেলায় (যেখান থেকে পাচারের সম্ভাবনা বেশি হয়) দেখানো হয় 'মেঘনা কন্যা'। নারী প্রধান গল্পের চলচ্চিত্রটির কেন্দ্রিয় চরিত্রে অভিনয় করেছেন অভিনেত্রী নওশাবা আহমেদ।

## বছর শেষে 'কাজলরেখা'র জন্য সুখবর

বিশ্বের অন্যতম প্রাচীন চলচ্চিত্র উৎসব নেদারল্যান্ডসের 'রটারডেম চলচ্চিত্র উৎসব'। ২০২৫ সালের ৩০ জানুয়ারি থেকে শুরু হচ্ছে 'রটারডেম চলচ্চিত্র উৎসব' চলবে ৯ ফেব্রুয়ারি পর্যন্ত। এ উৎসবের ৫৪তম আসরে লাইমলাইট বিভাগে নির্বাচিত গিয়াস উদ্দিন সেলিমের সিনেমা 'কাজলরেখা'। অনেকেই জানেন, ৪০০ বছর আগের বাংলার রূপকথা মৈমনসিংহ গীতিকার কাহিনী 'কাজলরেখা' অবলম্বনে নির্মিত হয়েছে সিনেমাটি। গেল ১১ এপ্রিল এটি দেশে মুক্তি পায়। মুক্তির পাঁচ মাস পর সিনেমাটি এবার যাচ্ছে আন্তর্জাতিক অঙ্গনে। এ প্রসঙ্গে নির্মাতা গিয়াস উদ্দিন সেলিম বলেন, 'রটারডাম ফিল্ম ফেস্টিভাল এক্সপেরিমেন্টাল ফিল্মগুলোকে বেশি প্রাধান্য দেয়, মৈমনসিংহ গীতিকার মতো প্রাচীন একটি রূপকথাকে এই সময়ে এসে লোকাল ফর্মে কীভাবে স্ক্রিনে হাজির করলাম সেটাই ওদের আগ্রহী করেছে। আমি আনন্দিত ও সম্মানিত অনুভব করছি।'




## শেষ কথা

চলচ্চিত্রের সুদিন হারিয়ে গেলেও হতাশার পাশাপাশি কিছু সফলতাও রয়েছে। তথাকথিত বাণিজ্যিক ধারার ছবিগুলো মুখ থুবড়ে পড়লেও ভিন্ন ঘরানার গল্পগুলো ভালো করছে। দর্শক টানতে না পারলেও এই ছবিগুলো আন্তর্জাতিক অঙ্গনে জায়গা করে নিচ্ছে। দেশের বাইরে বিভিন্ন উৎসবে প্রশংসিত হচ্ছে ছবিগুলো। আর এর মধ্যে অনেক সিনেমা পুরস্কার অর্জন করে দেশের জন্য সুনাম বয়ে আনছে। এ ধারাবাহিকতা অব্যাহত থাকুক।